# দ্বাদশ অধ্যায় ঃ
# বিনিময় সম্পত্তি

**GOVERNMENT REVENUE DEPARTMENT**
**GENL. SECTION**

No. 1578-Genl. Dated, Dacca, the 15th November 1968.

From : Mr. M. H. Mallick, T.Q.A,
Joint Secretary.

To : The Secretary,
Board of Revenue.

**Sub : Exchange of Migrant's immovable properties with bona fide Muslim refugees/expellees from India.**

Sir,

I am directed to say that the Government have had under consideration, the question of regularizing the possession of the Muslim refugees and expellees from Indiia on the immovable properties of Hindu migrants taken in exchange for their Indian properties without proper or legally enforceable documents of title. After a careful consideration of all aspects of the matter, they have come to the following conclusions:-

(1) Only the cases of exchange made prior to the 6th September 1965 should be considered for regularization.

(2) All cases of exchanges made before that should be divided into two categories, namely (1) those made before the 10th October, 1964, where the properties have now become enemy properties under the Defense of Pakistan Rules and (ii) those made between the 10th October, 1964, and the 5h September, 1965, where section 6A of the East Pakistan Disturbed Persons (Rehabilitation) Ordinance, 1964 will be applicable.

(3) The first category of cases, viz the cases of exchange made before the 10th October, 1964 should be dealt with by the Deputy Custodian of Enemy Property (Land and Buildings) and the second category of cases, viz the cases of exchange made between the 10th october, 1964 and the 5th September, 1965, should be dealt with by the Dy. Commissioner of the district concerned.

(4) Where any such case of exchange is found to be genuine, the Deputy Custodian should, in the first category of cases, give effect to the exchange by executing neccessary deed of transfer in favor of the refugee/expellee concerned on behalf of the migrant and in the second category of cases, the Deputy Commissioner should formally forfeit the

property according to the rules and at the same time settle it with the refugee/expellee concerned. In either case, no consideration money other than the usual annual land revenue should be charged for such transfer or settlement.

(5) For satisfaction as to the genuineness of a case of exchange where the refugee/expellee transferred his property in India to the migrant by a registered deed of exchange, with or without any power of attorney, the following should be considered adequate:-

(i) That the examination of the documents produced establishes a prima facie case of genuineness;

(ii) That the exchangee is a bona fide refugee/expellee and

(iii) That the property invoied belongs to the migrant exchanger.

6. In a case where there is no such registered deed of exchange in respect of the Indian property, enquiries may be held requiring the production of such proofs as may be considered necessary for ascertaining the genuineness of the transfer.

2. I am to request that the Board of Revenue may kindly issue necessary detailed instructions to the Deputy Commissioner for giving effect to the above decisions. The Government have been moved to authorise the Deputy Custodian, Enemy property (Lands & Buildings) for implementing the decisions in respect of enemy property (Lands and Buildings).

Your obedient servant
**Sd/-M. H. Mallik,**
*Joint Secretary.*

**OFFICE OF THE DEPUTY CUSTODIAN, ENEMY PROPERTY (L&B),**

*Memo. No. 1108(18)-E.P. 236/70,* *Dated 4-5-1970.*

To :

The Assistant Custodian, Enemy Property (L&B), ...............

**Subject : <u>Exchange of migrant's immovable properties with bona fide Muslin Refugees/Expelles from India.</u>**

The Government have taken already a decision about regularization of exchange properties and necessary orders have also been issued in the Revenue Department's G. O. No. 1578-Genl. dated 15-11-68 read with the Board of Revenue's Circular No. 574(17)-XV-50/68-D.P.O. dated 11-12-68, laying down the datailed procedure how the exchange cases falling under the two categories as stated below, are to be processed by the Deputy Commissioners of the district:-

(1) Those exchanges made before 10th october, 1964 where the properties have become enemy properties under the Defence of Pakistan Rules, will be dealt with and recognized by the Dy. Custodian on the basis of certificate of genuineness to be granted by the Deputy Commissioners of the districts.

(2) Those made between the 10th October 1964 and the 5th September 1965 where the property stands forfeited to the provincial Govt. under section 6A of the Disturbed Persons (Rehab) Ordinance-1964 will be dealt with and re-settled with the exchangees by the Dy. Commissioners of the districts.

In the exchange cases mentioned above, the refugees/expellees may be in possession of the properties on the strength of such exchanges. It has been reported to Govt. that in such cases, the reugees/expellees are being evicted by the local officers of the Enemy Property Organization and the properties are being leased out to others. The Addl. Custodian, with the approval of the Govt. in the Revenue Department, has therefore, been pleased to order that the bona fide refugees/expellees in possession of enemy Land & Buildings on the strength of such exchanges should not be disturbed till their cases are finally decided by the appropriate authorities in the manner laid down in the G.O. No. 1578-Genl. dated 15-11-68. The Asstt. Custodians are requested to take action accordingly and also inform S.D. Os.

The receipt of these instructions may please be acknowledged.

**Sd/-M.Islam**
*Deputy Custiodian,*
*Enemy Property (L&B).*

*Memo. No. 1108/1-E.P. 236/70,* *Dated 4-5-70.*

Copy forsarded to the JT. Secretary, Revenue Department, for information.

**Sd/-M. Islam**
*Deputy Custodian,*
*Enemy Property (L&B).*

# OFFICE OF THE BOARD OF REVENUE

Memo No. 20(19)-SV-40/70 D.P.O. dated 1.3.71.

From : Mr. M. A. Muttalib, E.P.C.S.
Addl. Secretary.
Board of Revenue.

To : The Deputy Commissioner Comilla.

**Sub : Assessment of stamp duty and registration fee for exchange deeds.**

In continuation of the Board's memo No. 57/1(17)-SV-50/58 D.P.O. Dated 11.12.68 regarding regularisation of exchange of migrant's immovable properties with those of bonafide Muslim refugees/expellees from India the undersigned is directed to say that it has already been decided by Govt. in the Revenue Deptt. not to recommend remission of stamp duty on transfer deeds to be executed for the regularisation of exchange cases.

As regards the valuation of the properties for the purpose of calculating stamp duty, the valuation of the properties, agreed to between the contracting parties may be accepted.

Sd/-
**(M.A. Muttalib)**
Addl. Secretary,
Board of Revenue.

Memo No. 20(19)-XV-40/70 D.P.O. dated 1.3.71

Copy forwarded to :

1. The Deputy Custodian,
   Enemy Propety (L&B).

2. The Asstt. Custodian,
   Enemy Property (L&B)

for information and necessary action.

Sd/-
**(M. A. Muttalib)**
Addl. Secretary,
Board of Revenue.

**OFFICE O THE DY. CUSTODIAN**
**ENMEY PROPERTY (L&B)**

*Memo No. 1386(18)-EP-374/69* *Dated 3-9-1971.*

To

The Asstt. Custodian,
Enemy Propety (L&B).

**Sub : Exchange of Migrant's immovable properties with bona fide Muslim Refugees/Expellees from India-Execution and Registration of Exchange deeds on behalf of migrants.**

In continuation of this office memo. No. 1245(18)-EP-374/69 dated 24-8-71 on the above subject, the undersigned is directed to say that in pursuance of the amendment of the paragraph 4(1) of Enemy Propety (L&B) Administration and Disposal Order, 1966, made by the Revenue Department's Order No. 294-General dated 18-5-71, the form of deed of transfer to be used by the Asstt. Custodian, EnemyProperty (L&B) for transfer of the exchange properties has been revised and is enclosed herewith. This has got the approval of the Govt. in the Revenue Deptt.

This form may now be used in respect of exchange cases under the first category.

**Sd/S.A. Halim, TQA**
*Deputy Custodian,*
*Enemy Property (L&B).*

**GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH**
**MINISTRY OF LAND ADMINISTRATION AND LAND REFORMS**
**SECTION-I(ESTBT.)**

*Memo No. 6E-10/73/710(19)L&B Estbt.* *Dated 29-11-1973.*

To : The Deputy commissioner, ........................ (all Dist.)

**Subject: Exchange of migrant's immovable properties with bona fide Muslim refugees/expellee from India.**

The undersigned is directed to invite his attention to this Ministry's Memo Nos. 1578-Genl., dated the 15th November, 1968 admn 1036-Genl, dated 23-12-69 and to say that elaborate instructions for regularization of genuine exchanges of immovable properties made by refugees/expellees from India with those of Hindu migrants from Bangladesh, were issued therein. All such exchanges made before the 6th September, 1965, were considered for regularization and they were divided into two categories viz. (I) those made before the 10th October, 1964, where the properties had become enemy properties; (ii) and those made between the 10th october, 1964 and the 5th Septembe,r 1965, where the properties stood forfeited to Government u/s 6A of the Disturbed Persons (Rehabilitation) Ordinance, 1964.

2. In both the categories the Deputy Commissioners were to receive applications for regularization of exchanges. In the first cateroty of the cases when the Deuty Commissioner was satisfied about the genuineness of the exchange, he would furnish a certificate to that effect and the Asstt. Custodian, Enemy Property (L&B) would on the basis of such certificate of genuineness give effect to the exchange by execution of necessary deed of transfer in favour of the refugee/expellee concerned on behalf of the migrant. In the second category of exchange, if the Deputy Commissioner finds the exchange to be genuine he should formally forfeit the property covered by the exchange if not done already and settle it with the refugee/expellee concerned. In either case no consideration money other than usual annual land revenue should be charged for such transfer or settlement. No provision was made in the G.Os. for filing petition of appeal or revision against the orders passed by the Deputy Commissioner certifying genuineness or otherwise of an exchange and there was no intention either for making such provision of appeal or revision against these executive orders of the Deputy Commissioner.

3. In actual implementation of the instructions given on the Government Orders it is noticed that some affected persons had gone on appeal against the orders passed by the Deputy Commissioner certifying genuineness or otherwise of an exchange to the Divisional Commissioner, the defunct Board of Revenue

and even came to this Ministry. The Borad of Revenue has since been abolished and the revenue functions of the Commissioners have also been withdrawn and naturally those who are affected are coming to the Ministry for relief.

4. The position has since been examined carefully and the following instructions are issued:-

Where the Deputy Commissioner finds or it is brought to his notice that there is a bona fide mistake in determining the genuineness and otherwise of an exchange he should exercise his inherent power to correct his own mistake and for that he may entertain an application for review or on his own motion review his earlier orders and correct such mistake and communicate revised orders, if any, passed in that behalf to the Asstt. Custodian, Enemy Properrty (L&B) for taking necessary action in pursuance of such orders.

5. Any person claiming a right and title to the property covered by the exchange or any part thereof and affected by the orders passed by the Deputy Commissioner, will have the lawful right of going to the Civil Court for seeking appropriate remedy.

The receipt of this G.O. may please be acknowledged.

**Sd/- M. A. Taher**
*Secretary.*

*No. 710(19)/1-Estt.* *Dated 29-11-73*

Copy forwarded to the Deputy Custodian for information and issuing necessary instructions to all Assistant Custodians, Enemy Property (L&B) for their guidance.

*Secretary.*

অনুবাদিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি প্রশাসন ও ভূমি সংস্কার মন্ত্রণালয়
শাখা-১

মেমো নং ৬ই-১০/৭৩/৭১০(১৯) সংস্থাপন তারিখ ঃ ২৯-১১-৭৩।

প্রাপক ঃ জেলা প্রশাসক ......................।

বিষয় ঃ ভারত হইতে বিতাড়িত/বাস্তুহারা মুসলমানদের সহিত দেশত্যাগীদের স্থাবর সম্পত্তি বিনিময় সংক্রান্ত।

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হইয়া জানাইতেছে যে, বাংলাদেশ হইতে দেশত্যাগী হিন্দু এবং ভারত হইতে বিতারিত/বাস্তত্যাগী মুসলমানদের মধ্যে স্থাবর সম্পত্তি বিনিময় কেসসমূহ নিয়মিত করা বিষয়ে অত্র মন্ত্রণালয়ের ১৫-১১-৬৮ তারিখের ১৫৭৮ সাধারণ এবং ২৩-১২-৬৯ তারিখের ১৯৩৬ সাধারণ নম্বর স্মারকদ্বয়ে বিস্তারিত নির্দেশ জারী করা হইয়াছিল। ৬-৯-৬৫ ইং তারিখের পূর্বে সম্পাদিত সকল বিনিময় দলিলাদি নিয়মিতকরণের জন্য বিবেচিত হইবে এবং এই সকল বিনিময় কেস দুই শ্রেণীতে বিভক্ত হইবে যথা (১) ১০-১০-৬৪ ইং তারিখের পূর্বে সম্পাদিত বিনিময় কেস যাহা শত্রু সম্পাত্তি পরিগণিত হইয়াছে এবং (২) ১০-১০-৬৪ হইতে ৫-৯-৬৫ পর্যন্ত সময়ে সম্পদিত বিনিময় কেসসমূহ যাহা ১৯৬৪ সালের ডিষ্টার্বড পারসনস্ (রিহেবিলিটেশন) অধ্যাদেশের ৬(এ) ধার মোতাবেক সরকারে বাজেয়াপ্ত হইয়াছে।

২। উভয় শ্রেণীর বিনিময় ক্ষেত্রে জেলা প্রশাসক নিয়মিতকরণের আবেদন গ্রহণ করিবেন প্রথম শ্রেণীর বিনিময় ক্ষেত্রে বিনিময় স্বত্তও যথার্থ হইয়াছে বলিয়া জেলা প্রশাসক সন্তুষ্ট হইলে তিনি এই মর্মে একটি প্রত্যায়নপত্র প্রদান করিবেন এবং এই প্রত্যায়নের ভিত্তিতে শত্রু সম্পাত্তির সহকারী তত্ত্বাবধায়ক (জমি ও ঘরবাড়ী) বিনিময় নিয়মিত করিয়া দেশত্যাগীদের পক্ষে বিতাড়িত/বাস্তত্যাগীদের অনুকূলে হস্ত ান্তর দলিল সম্পাদন করিয়া দিবেন। দ্বিতীয় শ্রেণীর বিনিময় ক্ষেত্রে জেলা প্রশাসক বিনিময় কার্য যথার্থ ও সত্য বলিয়া সন্তুষ্ট হইলে বিনিময়কৃত সম্পত্তি নিয়মিতভাবে সরকারে বাজেয়াপ্ত করিবার আদেশ জারী করিবেন এবং বাস্তুহারা প্রত্যাগত মুসলমানদে সহিত বন্দোবস্ত প্রদান করিবেন। তবে কোন ক্ষেত্রেই ভূমির খাজনা ব্যতীত অন্য কোন সেলামী/মূল্য আদায় করা যাইবে না। সরকারী নির্দেশে জেলা প্রশাসক প্রদত্ত বিনিময়ের সত্যতা প্রত্যয়নের বিরুদ্ধে আপীল বা রিভিশন করার কোন বিধান রাখা হয় নাই। জেলা প্রশাসক প্রদত্ত এরূপ নির্বাহী আদেশের বিরুদ্ধে আপীল/রিভিশন এর ব্যবস্থা করার কোন ইচ্ছাও সরকারের নেই।

৩। এতদসত্ত্বেও দেখা যায় যে, কিছু সংখ্যাক বিনিময়কারী জেলা প্রশাসকের বিনিময় সত্যতা সম্পর্কিত প্রত্যয়নের বিরুদ্ধে বিভাগীয় কমিশনার, সাবেক রেভিনিউ বোর্ড এমনকি মন্ত্রণালয়ের নিকট আপিল/রিভিশন আবেদন দাখিল করিয়াছে। রেভিনিউ বোর্ড ইতোমধ্যে বিলুপ্ত করা হইয়াছে এবং বিভাগীয় কমিশনারের রাজস্ব সংক্রান্ত ক্ষমতাও এক্তিয়ার প্রত্যাহার করা হইয়াছে। এই কারণেই এই জাতীয় আবেদন মন্ত্রণালয়ে পেশ করা হইতেছে।

৪। এই অবস্থা বিশদভাবে নিরীক্ষা করিয়া সরকার নিম্নোক্ত নির্দেশনামা জারী করিলেন ঃ-

যদি জেলা প্রশাসক নিজে দেখেন বা তাহার নজরে আনা হয় যে, ইতিপূর্বে প্রদত্ত বিনিময় সত্যতা নিরুপণে বা প্রত্যয়ন প্রদানে কোন ভুলত্রুটি হইয়াছে তবে তিনি নিজে স্বকীয় ক্ষমতাবলে তাহার পূর্বের আদেশ/প্রত্যয়ন পুনর্বিবেচনা করিয়া যথাযোগ্য নূতন আদেশ প্রদান করিতে পারিবেন এবং এই পরিবর্তিত আদেশের প্রেক্ষিতে সহকারী তত্ত্বাবধায়ক নিয়মিতকরণের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করিবেন।

৫। জেলা প্রশাসকের প্রদত্ত আদেশ দ্বারা কাহারও স্বার্থ ক্ষুন্ন হইলে বা বিঘ্ন ঘটিলে সংশ্লিষ্ট ব্যক্তি দেওয়ানী আদালতে যথাযথ প্রতিকারের জন্য মামলা দায়ের করিতে পারিবেন।

এই সরকারী আদেশের প্রাপ্তিস্বীকার করার জন্য অনুরোধ করা হইল।

স্বা/-এম, এ, তাহের
সচিব।

**Government of the People's Republic of Bangladesh**
**Ministry of Land Administration and land reform**
**Section-1 (Eastt.)**

*No. 6E-1/76/1503 (18) Estt.* *Dated, Dhaka 27th Dec 1977.*

To : The Deputy Commissioner.................. .

**Subject : Exchange cases made after 5.9.1965 and not covered by existing Govt. Order regularising exchanges.**

It has come to the notice of the Government that a large number of persons have exchanged their properties in India with those of migrants from Bangladesh prior to 6.9.65 but which have not covered by the instructions issued in Govt. order no. 1578-General dated 15.11.68. Such exchanges are experiencing difficulties for want of regulrisation of the exchanged properties on the strength of some sort of documents showing exchanges of the properties by them. It has also been reported to the government that the persons in possession of such properties on the claim of such exchanges are being evicted by the local officers and properties involved are being leased out to others and thus their possissions are being disturbed.

The question of regularisation of the exchange cases made after 5.9.65 and those not coverd by the Govt. no. 1578-Genl. Dt. 15-11-68 are under active consideration of the Government. Till decisions in these respects are arrived at, it has been ordered by Govt. that statusquo should be maintained in favour of the posessors on the claims of such exchanges until further orders.

He is, therefore, requested to take action accordingly.

**Sd/-(M. A. Awal)**
*Special Officer.*

*No. 6E-1/76/1503/185)-Estt.* *Dated 27.12.77.*

Copy forwarded to :

1. Additional Deputy Commissioner (Rev)................ .
2. Sub-divisional Officer .................. for information and guidence.

*Special Officer.*

**Government of the People's Republic of Bangladesh**
**Ministry of Law And Land Reforms**
**Land Administration and Land Reforms Division**
**Section No. IX**

*Memo No. 1EX-12/82/180-A.P.* *Dated. 7.8.82*

To : The Deputy Commissioner, Comilla.

**Sub** : **Assessment of stamp duty and registration fee for exchange deeds.**

Ref: His Memo No. 629 Dated 25.5.82.

The undersigned is directed to refer to his memo qutoed above and to say that since some exchanges have been regularised on the valuation of Tk. 2000/- per acre Govt. have no reason to raise the valuation of the other exchange cases still lying pending since 30.9.71 for no fault of the exchangees.

The undersigned is further directed to request to furnish the information on the following two categories cases:

1) The actual number of exchange cases in which valuation have not been mentioned and;

2) The number of cases still pending for registration

**Sd/- Md. Aftabuddin Mondol**
*Sr. Scale Section Officer.*

অতি জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন ও বিচার মন্ত্রণালয়
বিচার শাখা

নং ৬৬০-বিচার ৩/১ আর-১/৮৫ তারিখ ঃ ২৩-১১-৮৫ ইং।

প্রেরক ঃ এ. কে. তালুকদার,
যুগ্ম সচিব (প্রঃ)।

প্রাপক ঃ সচিব,
ভূমি প্রশাসন ও ভূমি সংস্কার মন্ত্রণালয়।

বিষয় ঃ <u>ভারত হইতে আগত মুসলমানদের দাবীকৃত বিনিময় দলিল সংক্রান্ত।</u>

সূত্র ঃ আপনার ৬-১০-৮৫ তারিখের সার্কুলার নং ৫-৭, ৮৫ (পার্ট ৩) ৯৮২ (৬৪)।

জনাব,

উপরোক্ত বিষয় ও স্মারকের সূত্রে নির্দেশিত হইয়া জানাইতেছি যে, প্রধান সামরিক আইন প্রশাসকের ২৪-৮-৮২ তারিখের নির্দেশ কিভাবে বাস্তবায়ন করা সম্ভব তাহা জানিতে চাহিলে অত্র মন্ত্রণালয় ২৩-৭-৮৫ তারিখে অভিমত দিয়াছিলেন যে, জেলা প্রশাসকগণের বিনিময় সংক্রান্ত ক্ষমতা বিলুপ্ত করিয়া একটি প্রশাসনিক নির্দেশ জারীর মাধ্যমে বিনিময়ের ভিত্তিতে দাবীকৃত সম্পত্তির মালিকগণকে পরামর্শ দেওয়া যাইতে পারে যে, তাহারা যেন প্রয়োজনবোধে দেওয়ানী আদালতে প্রতিকার প্রার্থী হন।কিন্তু সূত্রে উল্লেখিত সার্কুলার হইতে দেখা যাইতেছে যে, সকল জেলা প্রশাসকগণকে বিচারাধীন সকল বিনিময় সংক্রান্ত নথি নিস্পত্তির জন্য জেলা জজদের নিকট হস্তান্তরের নির্দেশ দেওয়া হইয়াছে। ঐরূপ হস্তান্তরের জন্য অত্র মন্ত্রণালয় হইতে কোন পরামর্শ দেওয়া হয় নাই।

জেলা প্রশাসকগণ এ পর্যন্ত প্রশাসনিক আদেশ ও সার্কুলার প্রাপ্ত ক্ষমতার ভিত্তিতে বিনিময় দলিল সংক্রান্ত বিষয়ে কার্যাদি সম্পন্ন করিতেন। কোন দেওয়ানী আদালতে অনুরূপ প্রশাসনিক কার্যাদি গ্রহণ করা সম্ভব নয়। যে কোন বিরোধ নিস্পত্তির জন্য দেওয়ানী কার্যবিধি মোতাবেক আদালতে মোকদ্দমা দায়ের করা প্রয়োজন হয় এবং ইহা নিস্পত্তির জন্য পরিচালিত হয় সুনির্দিষ্ট আইন ও বিধির নিয়ন্ত্রণাধীনে। সুতরাং জেলা প্রশাসকের দপ্তর হইতে বিনিময় সংক্রান্ত নথি প্রেরিত হইলে কোন অবস্থাতেই দেওয়ানী আদালতে উহা নিস্পত্তির জন্য গৃহীত হইতে পারে না।

প্রচলিত আইন অনুযায়ী বিনিময়, চুক্তি ও অন্য অনেক ধরণের দাবীর ভিত্তিতে দেওয়ানী আদালতে স্বত্ব প্রতিষ্ঠা বা ঘোষণার জন্য মামলা করিতে আইনগত কোন বাধা নাই।

সেই আলোকে অত্র মন্ত্রণালয় ঐরূপ মতামত প্রদান করিয়াছিলেন। নথি বহির্ভূতভাবে প্রশাসনিক দায়িত্ব আদালতের উপর ন্যস্ত করিবার কোন উদ্দেশ্যে নিহিত ছিল না।

এমতাবস্থায় আপনার মন্ত্রণালয়ে উল্লেখিত সার্কুলারটি সংশোধন করিয়া এ বিষয়ে যথাযথ পদক্ষেপ গ্রহণ করিতে অনুরোধ করা হইল।

বিনীত

স্বাঃ এ. কে. তালুকদার
যুগ্ম সচিব (প্রঃ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়

স্মারক নং ৫-৭/৮৫ (অংশ) এপি/৫৭১(৬৪), তারিখ ঃ ১৩-৪-১৩৯৪ বাংলা।
৩০-৭-৮৭ ইং।

প্রাপক ঃ জেলা প্রশাসক,
......................।

## সার্কুলার

বিষয় ঃ ভারত হইতে প্রকৃত (Bona fide) বাস্তুচ্যুত মুসলিম এবং বাংলাদেশের (তদানিন্তন পাকিস্তানের) বাস্তুত্যাগী হিন্দুদের মধ্যে ৬-৯-৬৫ ইং তারিখের পূর্বে সম্পাদিত সম্পত্তি বিনিময় দলিল নিয়মিতকরণ এবং রেজিস্ট্রিকরণ সম্পর্কে।

ভারত হইতে প্রকৃত (Bona fide) বাস্তুচ্যুত মুসলিম এবং বাংলাদেশের (তদানিন্তন পাকিস্তানের) বাস্তুত্যাগী হিন্দুদের মধ্যে ৬-৯-৬৫ ইং তারিখের পূর্বে সম্পাদিত সম্পত্তি বিনিময় দলিল নিয়মিতকরণ এবং যথাযথ তদন্তের মাধ্যমে দলিলগুলির সত্যতা যাচাই করিয়া ৩০-৯-৭০ ইং তারিখে বা তৎপূর্বে জেলা প্রশাসকের নিকট পেশকৃত কেসগুলি পূর্ববঙ্গ জমিদারী উচ্ছেদ ও প্রজাস্বত্ব আইন ১৯৫০ এবং রাষ্ট্রপতির আদেশ ৯৮/১৯৭২-এর সংশ্লিষ্ট বিধি অনুযায়ী ব্যক্তি বিশেষের সর্বোচ্চ (Retainable) রক্ষণীয় জমির সীমা বিধি সাপেক্ষে রেজিস্ট্রি করিবার জন্য ভূমি মন্ত্রণালয় কর্তৃক জেলা প্রশাসকদের বিভিন্ন সময়ে আদেশ ও সার্কুলার-এর মাধ্যমে কর্তৃত্ব প্রদান করা হইয়াছিল। কিন্তু ইতিপূর্বে মন্ত্রণালয়ের স্মারক নং ৫-৭-৮৫ (অংশ)/৯৮২(৬৪) তারিখ ৬-১০-৮৫ ইং-এর মাধ্যমে জেলা প্রশাসক/অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) গণের পরিবর্তে দেওয়ানী আদালত কর্তৃক নিষ্পত্তি করিবার সিদ্ধান্ত জারী করা হইয়াছিল। পরবর্তীতে ঐ সিদ্ধান্ত বাস্তবায়নের আইনগত জটিলতা দেখা দেওয়ায় বিনিময় দলিল রেজিস্ট্রি করিবার ব্যাপারে অচলাবস্থার সৃষ্টি হয়।

এ সংক্রান্ত উদ্ভূত সমস্যার নিরসনকল্পে ও জনসাধারণের দূর্ভোগ লাঘবের উদ্দেশ্যে বর্তমানে বিষয়টি সম্পর্কে সরকার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন যে, প্রচলিত আইন ও নীতি অনুযায়ী ভারত হইতে প্রকৃত বাস্তুচ্যুত মুসলিম এবং বাংলাদেশের (তদানিন্তন পাকিস্তানের) বাস্তুত্যাগী হিন্দুদের মধ্যে ৬-৯-৬৫ ইং তারিখের পূর্বে সম্পাদিত বিনিময় সম্পত্তির দলিল নিয়মিতকরণ এবং যথাযথ তদন্তের মাধ্যমে দলিলগুলির সত্যতা ও যথার্থতা যাচাই করিয়া ৩০-৯-৭০ ইং পূর্বে বা তদপূর্বে জেলা প্রশাসদের নিকট যে সমস্ত বিনিময় কেস অনিষ্পত্তিকৃত অবস্থায় পড়িয়া আছে তাহা ব্যক্তি বিশেষের সর্বোচ্চ রক্ষণীয় (Retainable) জমির সীমা বিধি সাপেক্ষে রেজিস্ট্রি করিবার ক্ষমতা ও দায়িত্ব জেলা প্রশাসক ও অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) গণের উপর ন্যস্ত করা হইল।

জেলা প্রশাসকদের নির্দেশ দেওয়া হইতেছে যে, তাহারা যেন জরুরী ভিত্তিতে এই সকল কেস নিষ্পন্ন করিবার কাজ অবিলম্বে হাতে নেন যাহাতে দীর্ঘদিন ধরিয়া যে সকল কেস নিয়মিতকরণের অপেক্ষায় রহিয়াছে সেগুলির আশু নিষ্পত্তিতে সহায়ক হইয়া সংশ্লিষ্ট জনগণের সমস্যার সমাধান নিশ্চিত হয়।

ইতিপূর্বে মন্ত্রণালয়ের স্মারক নং ৫০৭/৮৫(অংশ)৯৮২(৬৪) তারিখ ৬-১০-৮৫ ইং এর মাধ্যমে জারীকৃত নিষেধাজ্ঞা এতদ্বারা বাতিল করা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে
স্বা/-এম, মোকাম্মেল হক
সচিব
ভূমি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নঙ ৫-৭/৮৫(অংশ) এ. পি/৫৭১/৯(৬৪)/১(৯২৫) তারিখঃ ৩০-৭-৮০ ইং।
১৩-৪-৯৪ বাংলা।

অনুলিপি অবগতি ও প্রয়োনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইলঃ

১। চেয়ারম্যান, ভূমি প্রশাসন বোর্ড।
২। কমিশনার ................ বিভাগ।
৩। উপজেলা নির্বাহী অফিসার ............. ।
৪। উপজেলা রাজস্ব অফিসার ................ ।

স্বা/-ফজলুর রহমান সিকদার
উপ-সচিব (৩)
ভূমি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
শাখা-৬

স্মারক নং-ভূঃমঃ/শা-৬/বিনিময়/৮৯/৯০-১৩৩(৬১) তারিখ ঃ ৯-৬-৯৩ ইং
২৬-২-১৪০০ বাং

প্রেরক ঃ সৈয়দ আখতার হোসেন,
সিনিয়র সহকারী সচিব।

প্রাপক ঃ জেলা প্রশাসক (সকল)
......................

বিষয় ঃ ভারত হইতে প্রকৃত বাস্তুচ্যুত মুসলিম এবং বাংলাদেশের (তদানিন্তন পূর্ব পাকিস্তান) বাস্তুত্যাগী সম্পত্তি বিনিময় কেস নিয়মিতকরণ এবং রেজিষ্ট্রিকরণ সম্পর্কে।

সূত্র ঃ অত্র মন্ত্রণালয়ের স্মারক নং-ভূঃমঃ/শা-৬/বিনিময়-৮৯/৯০-৩৪(৬১)
তারিখ ৯-২-৯৩ইং/২৭-১০-৯৯ বাং।

উপরোক্ত বিষয়ের প্রতি দৃষ্টিআকর্ষণ করতঃ নির্দেশক্রমে জানানো যাইতেছে যে, সূত্রে উল্লেখিত স্মারকের মাধ্যমে বিনিময় সম্পত্তি নিষ্পত্তিকরণের সময়সীমা ৩০-৬-৯৩ ইং তারিখ পর্যন্ত নির্ধারণ করিয়া দেওয়া হইয়াছে। উহার পর আর সময়সীমা কোন ক্রমেই বর্ধিত করা হইবে না। উক্ত সময়সীমার মধ্যে বিনিময় সম্পর্কিত অনিষ্পন্ন কেসসমূহ অবশ্যই নিষ্পত্তি করিতে হইবে। এই বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিবার জন্য পুনরায় অনুরোধ করা হইল।

স্বা/-(সৈয়দ আখতার হোসেন)
সিনিয়র সহকারী সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
শাখা নং-৬

স্মারক নং- ভূঃমঃ/শা-৬/বিনিময়০৮৯/৯৩-২৫২ তারিখঃ ০২-৬-৯৯ ইং

প্রাপক ঃ জেলা প্রশাসক -----------------(সকল)

বিষয় ঃ ভারত হতে বাস্তুত্যাগী মুসলিম এবং বাংলাদেশের (তদানিন্তন পূর্ব পাকিস্তান-এর) বাস্তুত্যাগী হিন্দুদের সম্পত্তি বিনিময় কেস নিয়মিতকরণ এবং রেজিষ্ট্রিকরণ প্রসংগে।

সূত্র ঃ অত্রমন্ত্রণালয়ের স্মারক নং ভূঃমঃ/শা-৬/বিনিময়/৮৯-১০-৩৫৬ (৬১), তাং- ২-৭-৯৭

উপরোক্ত বিষয় ও সূত্রের বরাতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, জেলা প্রশাসনের কার্যালয়ের অনেক বিনিময় কেস বিভিন্ন জটিলতার কারণে নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি করা সম্ভব হয়নি বলে জানা গিয়েছে। সবদিক বিবেচনা করে সরকার বিনিময় মামলা নিষ্পত্তির সময়সীমা পুনরায় আগামী ৩০-৬-২০০০ খ্রিঃ সন পর্যন্ত বর্ধিত করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

২। উপরোক্ত সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হল।

স্বা/-(ছায়েফ উদ্দিন)
সিনিয়র সহঃ সচিব।

স্মারক নং- ভূঃমঃ/শা-৬/বিনিময়-৮৯/১০-২৫২/(৮) তারিখ ঃ ০২-৬-৯৯ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি দেয়া হলো ঃ

১। চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩ মতিঝিল, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার- বিভাগ (সকল)

স্বা/-(ছায়েফ উদ্দিন)
সিনিয়র সহকারী সচিব।